[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে গার্মেন্টস মালিকদের গোপনে ব্যবসা

মেহেরপুর প্রায় প্রতিটি পোশাক, কসমেটিক ও পাদুকার দোকানে চলছে গোপনে ব্যবসা। গত ২৪ মার্চ থেকে করোনার প্রাদুর্ভাবের কারণে নিত্যপ্রয়োজনীয় ব্যতিত সকল ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে দেয় প্রশাসন। কিন্তু আসন্ন ঈদ-উল ফিতরের কারণে গত ১০ মে থেকে সীমিত আকারে ব্যবসা প্রতিষ্ঠান খোলার অনুমতি দেয় সরকার। পরে করোনার ভয়বহতা বৃদ্ধির কারণে ১৮ মে সোমবার থেকে পুনরায় ব্যবসা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা দেয় মেহেরপুর জেলা প্রশাসন।

কিন্তু এই ঘোষণা উপেক্ষা করে মেহেরপুর শহরের বেশ কিছু গার্মেন্টস গোপনে ব্যবসা চালিয়ে যাচ্ছে। মেহেরপুর সহ আশেপাশের জেলা থেকেও লোকজন এসে ভিড় জমাচ্ছে এই সব বিপণী বিতান গুলোতে।

গতকাল সোমবার শহরের বিভিন্ন জায়গায় ঘুরে দেখা যায় প্রায় প্রতিটি দোকানের শাটার বন্ধ করে ভিতরে কাস্টমার রেখে ব্যবসা চালিয়ে যাচ্ছে। বড় বাজার এলাকায় কিছু দোকানের এই দৃশ্য সাংবাদিক ধারণ করলে দোকান মালিকদের তোপের মুখে পড়তে হয়। পরে তাদের সাথে কথা কাটাকাটির সৃষ্টি হয়। ঘটনাস্থলে সদর থানার পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রন করে।

পরে দোকান মালিকদের সাথে আলোচনা না করে জেলা প্রশাসন থেকে দোকানপাট বন্ধ ঘোষণা করায় ক্ষোভ প্রকাশ করে ব্যবসায়ী নেতারা। এ নিয়ে সোমবার বিকালে একটি জরুরী বৈঠক করেন জেলার বিভিন্ন বাজার কমিটির সভাপতি-সম্পাদকরা। আজ মঙ্গলবার জেলা প্রশাসকের সাথে এ নিয়ে আলোচনা করবেন বলে সভায় সিদ্ধান্ত হয়।

বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু জানান, “দীর্ঘদিন বন্ধ থাকার পর গত ১০ তারিখে দোকানপাট খোলার অনুমতি দেয় সরকার। এজন্য প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠান ঈদ উপলক্ষে মালামাল ক্রয় করেছে। এমন অবস্থায় হটাৎ করে আবার আমাদের সাথে আলোচনা না করে বন্ধ ঘোষণা করেছে মেহেরপুর জেলা প্রশাসন।

জেলার প্রায় ১৫ হাজার মালিক কর্মচারি এতে বিপাকে পড়েছে। তাদের বেতন ভাতা নিয়ে বেশ চিন্তাই পড়েছে দোকান মালিকরা। এসময় হয়তো কেউ কেউ গোপনে ব্যবসা করতে পারে। যদি কোন ব্যবসা প্রতিষ্ঠান

সাংবাদিকদের সাথে খারাপ আচরণ করে তবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।”

‘ইয়ুথ নেটওয়ার্ক সেন্টার’ এর লাইভে ডিএমপির কমিশনার নাসিরুল্লাহ্

সংগঠনটির নাম ‘ইয়ুথ নেটওয়ার্ক’। বয়স প্রায় সাড়ে সাত বছর। ২০১৬ এর আগে অব্দি তারা কাজ করতো সামাজিক বিভিন্ন ইস্যু নিয়ে। ২০১৬ থেকেই তারা সামাজিক কাজটাকে ধরে রাখার পাশাপাশি তাদের সাংগঠনিক মূল লক্ষ্যকে দাঁড় করায় ‘স্কিল ডেভেলপমেন্ট’কে। এ পর্যন্ত কখনই তারা তাদের কোনো ধরণের কার্যক্রমকে ফেসবুকে বা সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে আনেনি।

কোয়ারেন্টাইনের মধ্যে মানুষ যেন বিনামূল্যেই ভালো কিছু শিখতে পারে ঘরে বসেই, সেজন্য ‘ইয়ুথ নেটওয়ার্ক’ এবার অনলাইন লার্নিং ভিত্তিক একটি প্রোজেক্ট গ্রহণ করেছেন, যেটির নাম ‘ইয়ুথ নেটওয়ার্ক সেন্টার’। একটি গ্রুপের মাধ্যমে তাদের বিভিন্ন দক্ষ মানুষকে ‘লাইভ শো’তে এনে অনলাইন পাঠদান কার্যক্রম শুরু হয় ২৫ এপ্রিল থেকে, যদিও গ্রুপটির সৃষ্টি ১৮ এপ্রিল। এক মাসেরও কম সময়ে তারা ইতোমধ্যেই সামাজিক যোগাযোগ মাধ্যমে মানুষের কাছে ভালো একটি জায়গা করে নিতে পেরেছে। এই লাইভ শো’গুলো উপস্থাপনা করে চলেছেন ‘ইয়ুথ নেটওয়ার্ক’এর প্রতিষ্ঠাতা এবং উপস্থাপক ঈশা খান (অপূর্ব)।

১৯ মে তাদের এই লাইভ শো এর অষ্টম পর্ব অনুষ্ঠিত হতে চলেছে এবং এই পর্বে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের সাইবার সিকিউরিটি এন্ড ক্রাইম ডিভিশনের সম্মানিত সিনিয়র এ্যাসিস্টেন্ট কমিশনার জনাব সাইদ নাসিরুল্লাহ্। ১৯ মে ঠিক রাত ৯ টায় ‘ইয়ুথ নেটওয়ার্ক’এর অফিসিয়াল ফেসবুক ফ্যান পেইজ থেকে এই লাইভটি সম্প্রচার করা হবে। এই শো-এর

আলোচনার বিষয় বস্তু নির্ধারণ করা হয়েছে ‘সাইবার ক্রাইম’।

‘ইয়ুথ নেটওয়ার্ক’ এর প্রতিষ্ঠাতা ঈশা খান (অপূর্ব)’ এর কাছে এই লাইভ শো-এর লক্ষ্য ও উদ্দেশ্য জানতে চাওয়া হলে, উত্তরে তিনি বলেন, “আমরা মূলত খুবই সুনির্দিষ্ট বিষয়ের উপর দক্ষ মানুষকে অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর চেষ্টা করছি। আমরা জানি, আমাদের অডিয়েন্স বেশিরভাগই মফস্বল শহরাঞ্চলগুলো থেকে বা যাদের সাথে ঢাকার সম্পর্ক তুলনামূলক কম। ঢাকা কেন্দ্রীক মানুষ কিছুটা হলেও এই ধরণের জ্ঞান পাওয়ার সুযোগ পায়। কিন্তু মফস্বলের ছাত্র-ছাত্রীরা অনেক কিছু থেকেই এখনও অনেকটাই বঞ্চিত। দ্বিতীয়ত, যতটুকু তারা পায়, সেটাও এমনভাবে পায় যে সেগুলো বুঝতে গেলেও কাউকে আগে থেকেও কিছুটা স্টাডি করে রাখতে হয়। সেই কারণে আমরা চেষ্টা করি আমাদের আলোচনাকে খুবই সহজবোধ্য করার যেন সকলেই নির্দ্বিধায় এটি বুঝতে পারে”।

একই সাথে আমরা ঈশা খান (অপূর্ব)-এর কাছে প্রশ্ন রেখেছিলাম এই পর্বে সিনিয়র এ্যাসিস্টেন্ট কমিশনার মহোদয়কে অতিথি হিসেবে রাখা এবং এই পর্বের বিষয়ে। এ সম্পর্কে উত্তরে তিনি বলেন, “কোয়ারেন্টাইনে মানুষ সবাই ঘরে বসে। সুতরাং, তারা সবচেয়ে বেশি সময় কাটাচ্ছে অনলাইন দুনিয়াতেই। সোস্যাল মিডিয়া সহ অন্যান্য অনলাইন সাইটগুলো অতি মাত্রায় ব্যবহার করলেও, আমরা এর থেকে কী ধরণের অপরাধ সংঘটিত হতে পারে, এ সংক্রান্ত জ্ঞান সবার মাঝে নেই।

সেই কারণেই আমরা চেষ্টা করেছি এই ‘সাইবার ক্রাইম’ বিষয়েই একটি পর্বের আয়োজন করতে। সাইদ নাসিরুল্লাহ অভি ভাইয়াকে অসংখ্য ধন্যবাদ তিনি আমাদের সাথে এত সুন্দর ভাবে কো-অপারেট করেছেন। আমরা ছোট মানুষ। তবুও তিনি খুব আন্তরিকভাবেই আমাদেরকে গ্রহণ করেছেন এবং এই উদ্যোগী আয়োজনকে সাধুবাদ জানিয়েছেন। একই সাথে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি ‘দা বিজনেস স্ট্যান্ডার্ড’-এর ক্রাইম ডিপার্টমেন্টের করেস্পন্ডেন্ট এবং বড় ভাই জিয়া চৌধুরি ভাইয়াকে। এই পর্বের জন্য উনার আন্তরিকতাও ছিল চরমে। এই মানুষগুলোকে সাথে না পেলে কোনোভাবেই এই আয়োজন এত সুন্দরভাবে করা সম্ভব ছিল না”।

‘ইয়ুথ নেটওয়ার্ক’এর পক্ষ থেকে সকলকে এই লাইভ আয়োজনটি দেখার জন্য আমন্ত্রন জানিয়েছেন ১৯ মে বাংলাদেশ সময় ঠিক রাত ৯টায়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রাম থেকে ১শ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে মেহেরপুর ডিবি পুলিশ।

সোমবার বিকালে পুলিশ পরিদর্শক খন্দকার শাহ আলম এর নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু অভিযান চালিয়ে পরিত্যক্ত একটি গোলায় থেকে ফেন্সিডিল গুলো উদ্ধার করা হয়।

এ বিষয়ে পলাতক আসামীর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় এজাহার দাখিল করা হয়েছে বলে নিশ্চিত করেন জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত ওসি জুলফিকার।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ৯নং ওয়ার্ডে মেয়রের খাদ্য বিতরণ

মেহেরপুর পৌর মেয়রের উদ্যোগে শহরের ৯ নং ওয়ার্ডে কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

চলমান খাদ্য বিতরণে সোমবার ৯ নং ওয়ার্ডের ৩শ পরিবারের লোকজনের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

খাদ্য বিতরণকালে মেয়র বলেন,মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক আলহাজ মাইনুল হোসেন খান নিখিল ভাইয়ের আহবানে চলমান কোভিড-১৯ করোনা ভাইরাস মহামারীতে ক্ষতিগ্রস্ত মেহেরপুর পৌরসভা ৯ নম্বর ওয়ার্ড পোস্ট অফিস পাড়ায় প্রতিটি কর্মহীন পরিবারের মাঝে খাবার সামগ্রী উপহার বিতরণ করা হয়।

পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমাদের এই খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত থাকবে।

ফলোআপ: গাংনীতে জোড়া খুনের ঘটনায় দুটি মামলা।

মেহেরপুরের গাংনীর কাজিপুরে একটি লিচু বাগান দখলকে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষে জোড়া খুনের ঘটনায় পৃথক দুটি মামলা দায়ের করেছে উভয় পক্ষ । গত রবিবার মৃত ইচমত কবির ডাবলু’র মা ইসলামা খাতুন
(৬০) বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মামলায় ১০ জন এজাহার নামীয়সহ অজ্ঞাত আরো ২/৩ জনকে আসামী করা হয়েছে। যার নং-১৬/২০ তারিখ ◌ঃ ১৭/০৫/২০২০ ইং । ধারা ◌ঃ ১৪৩, ৩৪১, ৩২৩, ৩২৪, ৩২৫, ৩২৬, ৩০৭, ৩০২/৩৪, ৫০৬, ১১৪ ও ১০৯ (দন্ডবিধিঃ)

অপরদিকে একই দিনে নিহত সানারুল ইসলামের স্ত্রী রশিদা বেগম বাদী হয়ে ২ জনকে আসামী করে অপর একটি হত্যা মামলা দায়ের করেছে। যার নং- ১৭/২০ তারিখ ◌ঃ ১৭/০৫/২০২০ ইং
ধারা ◌ঃ ৩০২/৩৪ (দন্ডবিধিঃ)

মামলার এজাহারসুত্রে ও মামলার তদন্তকারী কর্মকর্তা ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, মামলার ঘটনাস্থলের পাশে কাজিপুর গ্রামস্থ কেএনএসএইচ বালিকা বিদ্যালয় ও কে এস এইচ সরকারি প্রাথমিক বিদ্যালয় এর দক্ষিণ পাশে তিন বিঘা জমিতে ডাবলুর পিতা খবির জনৈকা আশরাফন নেছার নিকট হতে ক্রয়সূত্রে মালিক দাবী করে অনুমান ৩০ বছর দখলে রাখাসহ আম ও লিচু করিয়া ভোগ দখল করে আসছে।

২০১৪ সালে আশরাফন নেছার মেয়ে আকলিমা খাতুন উক্ত আম লিচু বাগানের সম্পুর্ণ বিক্রী করে নাই বলে অংশিদারিত্ব দাবী করে এবং এ বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা দায়ের করে। উক্ত মামলার পর জমির ভোগ দখলে স্থানীয় লাল্টুকানা ও হাবিব মেম্বর ও সানারুল আকলিমার পক্ষ নিয়ে খবিরকে হুমকি ধামকি দিয়ে আসছিল। ঘটনার দিন উক্ত জমি সংক্রান্ত বিষয় নিয়ে স্থানীয় মোশারফের বাঁশবাগানের মধ্যে মারামারির ঘটনায় প্রতিপক্ষের আঘাতে ডাবলুর মৃত্যু হয় ও পিতা খবির মারাত্মক আহত হয়।

আহত খবির কে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করেন। আহত খবির উদ্দিন বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন। অপরদিকে প্রতিপক্ষের আঘাতে সানারুল ইসলাম মারাত্মক আহত হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে সাহেবনগর বাজারে নিয়ে আসলে সেখানে তার মৃত্যু হয়। এ ঘটনায় পুলিশ সুপার এসএম মুরাদ আলি, অতিঃ পুলিশ সুপার (প্রশাসন) শেখ জাহিদুল ইসলাম, অতিঃ পুলিশ সুপার (সার্কেল) মোস্তাফিজুর রহমান, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবায়দুর রহমান, ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেন। পরে নিহত ব্যাক্তিদের লাশ উদ্ধার করে ময়না তদন্ত শেষে উভয় পরিবারের কাছে হস্তান্তর করে ।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম জানান, পৃথক দুটি মামলায় তদন্তকারি কর্মকর্তা হিসেবে দায়িত্ব নিয়োজিত থেকে শতভাগ শততার সাথে তদন্ত কাজ চলমান রয়েছে। ঘটনার সাথে জড়িত ব্যাতিত কেউ যেন হয়রানী না হয় সে বিষয়ে বিশেষ গুরুত্ব দেয়া হবে।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান. যেহেতু জোড়া খুন মামলায় পৃথক পরিবার মামলা করেছে। সেহেতু সঠিক তদন্ত করে প্রকৃত ঘটনা উদঘাটন করা সম্ভব হবে। তিনি নিশ্চিত করে বলেন, প্রকাশ্যে মারামারির ঘটনায় উভয় পক্ষের দুই জন নিহত হয়েছে। সঠিক তদন্ত করা হবে।

নূরুল হক ফাউন্ডেশনের পক্ষ থেকে ঈদ উপহার দিলো বন্ধন গ্রুপ

করোনা মহামারীর কারণে সাধারণ অসহায় কর্মহীন বয়স্ক বিধবা পরিবারের পাশে দাড়িয়েছে নূরল হক ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় বন্ধন গ্রুপ। গাংনী উপজেলার প্রত্যেকটা ওয়ার্ড থেকে ন্যুনতম ১ জন করে মোট ১৫০ টি পরিবারকে নগদ ১ হাজার টাকা পৌঁছে দিল বন্ধন

গ্রুপ।

বন্ধন গ্রুপের পরিচালক আব্দুস সামাদ সোহাগ বলেন, তারা তিনদিন ব্যাপি এই বিতরণ কার্যক্রম চালবে,সাথে আমরা ১৫০ টি পরিবারকে এই উপহার পৌঁছে দিবো।

তাদের এই কার্যক্রমকে স্বাগত জানিয়ে নূরুল হক ফাউন্ডেশনের সেক্রেটারি ডা. নাজমুল হক সাগর ভাই ফাউন্ডেশনের পক্ষ থেকে পুরো অর্থ প্রদান করেছেন। তিনি ববলেনবন্ধন গ্রুপরা আরো বলে আমরা এতিমখানা, প্রতিবন্ধী সহ আরো ২০০ অসহায় পরিবারের পাশে দাড়াবো। সেখানেও নূরুল হক ফাউন্ডেশন আর্থিক সহযোগিতা প্রদান করে পাশে থাকবে বলে অঙ্গীকার করেছেন।

বন্ধন গ্রুপের স্লোগান, এসো মিলি প্রাণের টানে ভ্রাতৃত্বের বন্ধনে। এক হলে পারি একা হলে হারি। আমরা মানবসেবায় নিজেদের উৎসর্গ করতে চাই।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক, প্রকাশকসহ তিন জনের বিরুদ্ধে মামলার প্রতিবাদে মানববন্ধন

সাবেক স্বতন্ত্র সংসদ সদস্য মকবুল হোসেনের বিরুদ্ধে পরের বাড়ি দখলে রাখার সংবাদ প্রকাশ করায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন ও যুগ্ম সম্পাদক আল আমীনের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়েরের প্রতিবাদে মানববন্ধন করেছেন মেহেরপুরের সাংবাদিকরা।

সোমবার সকাল সাড়ে ১০টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে সামাজিক দূরত্ব বজায় রেখে সাংবাদিকরা এ কর্মসূচী পালন করেন।

সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযমের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য দেন অবজারভার প্রতিনিধি রফিকুল আলম, মানবকন্ঠ প্রতিনিধি মুজাহিদ

মুন্না, দিনকাল প্রতিনিধি হারুনুর রশিদ রবি, পশ্চিমাঞ্চল প্রতিনিধি ডিএম মুকিদ, আমার সংবাদ প্রতিনিধি মিজানুর রহমান।

মানববন্ধনে ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দুর সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিদিন প্রতিনিধি মাহবুবুল হক পোলন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর নিউজের বার্তা সম্পাদক মিজানুর রহমান, জনতা প্রতিনিধি কামারুজ্জামান খান, বাংলা টিভি ও মানবজমিন প্রতিনিধি আকতারুজ্জামান, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, ভোরের কাগজ প্রতিনিধি হাসান মুস্তাফিজুর রহমান, মেহেরপুর প্রতিদিনের চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, অধিকার প্রতিনিধি শাকিল রেজা, সাংবাদিক মুহম্মদ মহসীন, আলোকিত সকাল প্রতিনিধি সাব্বির হোসেন, বার্তা মেহেরপুর প্রতিনিধি রাশেদ খান, সাংবাদিক মেহেরাব হোসেন, জবাবদিহি প্রতিনিধি সিরাজদৌলা পাভেল, হাসনাত জামান সৈকত প্রমুখ।

মানববন্ধনে রফিকুল আলম বলেন, সংবাদ প্রকাশ হলে সংক্ষুব্ধ ব্যক্তি মামলা করতেই পারেন। তবে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দিয়ে হয়রানি করতে পারেন না। সব যায়গায় ক্ষমতা দেখাতে হয় না।

মাহাবুব চান্দু বলেন, আইনটি পাশ হওয়ার পর প্রধামন্ত্রী, আইন মন্ত্রী, তথ্য মন্ত্রী সহ সরকারের দায়িত্বশীলরা বলেছিলেন ডিজিটাল নিরাপত্তা আইনে সাংবাদিকদের উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। এ আইন সাংবাদিকদের বিরুদ্ধে ব্যবহার হবে না। কিন্তু আমরা গভির উদ্বেগের সহিত লক্ষ্য করছি দেশের বিভিন্ন স্থানের মত মেহেরপুরেও সাংবাদিকদের এই আইনে মামলার সন্মুখিন হতে হচ্ছে।

প্রসঙ্গত, মেহেরপুর-২ আসনের সাবেক স্বতন্ত্র সংসদ সদস্য মকবুল হোসেন বিরুদ্ধে পরের বাড়ি দখলে রাখার সংবাদ প্রকাশ করায় সংক্ষুব্ধ হয়ে তার ভাগ্নে সবুজ হোসেন গত ১৩ মে এ মামলা দায়ের করেন। গত ১১ মে ‘গাংনীর সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের কান্ড’ “২৬ বছর ধরে দখলে রেখেছেন পরের বাড়ি” শিরোনামে মেহেরপুর প্রতিদিন পত্রিকায় প্রধান শিরোনামে সংবাদ প্রকাশ হয়। সংবাদটি প্রিন্ট ভার্সনের পাশাপাশি ওই দিন অনলাইন ভার্সনেও প্রকাশ পায়। সেদিন মেহেরপুর প্রতিদিন পত্রিকা টক অব দ্য জেলায় পরিণত হয়। মেহেরপুরের বিভিন্ন স্থান থেকে এ ধরণের সংবাদ প্রকাশ করায় মেহেরপুর প্রতিদিন পরিবারকে ধন্যবাদ জানায় পাঠকরা।

শিশু সংগঠন অংকুরের সামাজিক দুরুত্ব বজায় রেখে ইফতার বিতরণ

মেহেরপুর সদরে করোনা ভাইরাস প্রতিরোধে জনগণকে সচেতন করতে এবং সামাজিক দুরুত্ব বজায় রাখতে শিশু সংগঠন অংকুরের আয়োজনে ১৮ রোমজান বিকাল সাড়ে ৫ টার দিকে এক ব্যাতিক্রম ধর্মী ইফতার বিতরণের করে শিশু সংগঠন অংকুর।

এলাকার পথচারী সহ সড়ক দিয়ে বিভিন্ন চলাচল রত পথচারী ও সুবিধা বঞ্চিত মানুষের মাঝে সামাজিক দুরুত্ব বজায় রেখে এ ইফতার বিতরণের ব্যবস্থা করেছে তারা।

সামাজিক দূরত্ব বজায় রেখে ইফতারের বিতরণ করছে শিশু সংগঠন অংকুর।করোনা মহামারীতে অসহায় মানুষের জন্য মানবিক সহায়তা কার্যক্রমের ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

শিশু সংগঠন অংকুর সকল সদস্যদের উদ্যেগে গরিব অসহায় দিন মুজুরদের মাঝে ইফতার বিতরণ করে চলেছে শিশু সংগঠন অংকুর।

শিশু সংগঠন অংকুরের সদস্যরা বলেন এই ইফতার বিতরণ চলবে ১০ দিন ব্যাপি।